# বার্ষিক প্রতিবেদন

বিভাগের নাম: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আওতাধীন সংস্থার নাম: বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)
প্রতিবেদনাধীন বছর: ২০২১-২০২২
প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ২৪/০৮/২০২২

## ০১। প্রতিবেদনাধীন অর্থ-বছরের জন্য বিএসসিএল উল্লেখযোগ্য তথ্যাদি:

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা সামরিক দপ্তরে সম্প্রসারিত, সশস্ত্র বাহিনী বিভাগের আওতাধীন সকল বাহিনীতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারের জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে নতুন তিনটি বেসরকারি টিভি চ্যানেল-এর বাণিজ্যিক সম্প্রচার শুরু।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে একটি বিদেশি চ্যানেল-এর সম্প্রচার শুরু, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে।
- বাংলাদেশ বেতারের সিলেট-ডিএসএনজিতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারের জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বেসরকারি ব্যাংক ইস্টার্ন ও ডাচ বাংলা ব্যাংক এর সাথে এটিএম-সেবার জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বাংলাদেশের অন্যতম আইএসপি-কার্নিভাল এর সাথে প্রত্যন্ত অঞ্চলে ইন্টারনেট সেবার জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বন্যাকবলিত সিলেট ও সুনামগঞ্জে বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে জরুরি টেলিযোগাযোগ সেবা স্থাপন।
- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে 'নক্ষত্রের দেশে বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানের সফল আয়োজন।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর উৎক্ষেপণ কার্যক্রমের অগ্রগতি।
- Television Rating Point (TRP) সিস্টেম বাস্তবায়ন পরিকল্পনা।
- বাংলাদেশী টিভি চ্যানেলসমূহকে বিএস-১ এর কাভারেজভুক্ত এরিয়ার বাহিরে বিদেশে সম্প্রচারের জন্য Over-the-top (OTT) সেবা প্রদানের পরিকল্পনা।
- সকল গ্রাহক প্রতিষ্ঠান হতে বকেয়া স্যাটেলাইট ব্যান্ডউইথের ভাড়া ও Security Deposit আদায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ
- সকল গ্রাহক প্রতিষ্ঠান হতে নিয়মিত বিল আদায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- জনবল নিয়োগ ও প্রশিক্ষণের মাধ্যমে জনবলের উন্নয়ন

## ০২। সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির আলোকে গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন/অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি

❖ **বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ -এর সর্বশেষ অগ্রগতিঃ**

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর প্রকৃতি নির্ধারণের জন্য এ নিয়োজিত প্রতিষ্ঠান Price Water House Coopers (PwC)-এর দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনের টেকনিক্যাল অংশের আলোকে, রাশিয়ান জয়েন্ট স্টক কোম্পানি, গ্লাভকসমস এর পক্ষ্য থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইট -২ এর সংক্ষিপ্ত স্পেসিফিকেশন উল্লেখ করে একটি প্রস্তাবনা প্রদান করা হয়।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট -২ উৎপাদন এবং উৎক্ষেপণ-এর বিষয়ে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এবং রাশিয়ান জয়েন্ট স্টক কোম্পানি, গ্লাভকসমস এর মধ্যে গত ০২ ফেব্রুয়ারী, ২০২২ তারিখে একটি Memorandum of Collaboration (MoC) স্বাক্ষরিত হয়।
- পরবর্তীতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর টেকনিক্যাল স্পেসিফিকেশনের বিষয়ে, বিএসসিএল এবং গ্লাভকসমস -এর মধ্যে বেশকিছু সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচনার বিষয়বস্তু এবং সিদ্ধান্ত নিয়ে কারিগরি, গবেষণা ও পরিকল্পনা বিভাগের পর্যালোচনা চলমান রয়েছে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশনের বিস্তারিত প্রস্তুত করার কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।
- ০৩ মার্চ, ২০২২ তারিখে আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব, রাশিয়ায় নিযুক্ত বাংলাদেশি মহামান্য রাষ্ট্রদূত, বিএসসিএল এর সম্মানিত চেয়ারম্যান ও প্রধান নির্বাহি কর্মকর্তা, বিএসসিএল এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ও বিএসসিএল এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে "বঙ্গবন্ধু স্যাটেলাইট-২" এর অগ্রগতি বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায়, বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ -এর টেকনিক্যাল স্পেসিফিকেশন পর্যালচনা করে বেশকিছু সিদ্ধান্ত গৃহীত হয়।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২-এর সকল কম্পোনেন্ট উৎপাদন সক্ষমতা সংক্রান্ত ব্যাপারে গ্লাভকসমস থেকে তাদের উৎপাদন সক্ষমতার বিষয়ে একটি প্রতিবেদন পাওয়া যায়। উক্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে বিএসসিএল-এর কারিগরি, গবেষণা ও পরিকল্পনা বিভাগের পর্যালোচনা চলমান রয়েছে।
- গ্লাভকসমস এর সাথে বিএসসিএল এর বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপন এবং এই সম্পার্কিত যাবতীয় বিষয়বস্তু পর্যালোচনার প্রেক্ষিতে আর্থিক প্রস্তাব নিয়ে আলোচনা চলমান রয়েছে।

## ০৩। বিএসসিএল এর মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রম

- স্যাটেলাইট প্রযুক্তি নির্ভর যোগাযোগ সেবায় দেশকে স্বনির্ভর করার জন্য ডিজিটাল প্রযুক্তির বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয়েছে এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর উৎক্ষেপণ কার্যক্রম চলমান রয়েছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবার পরিসর সম্প্রসারণে ভলিউম বেইসড মুল্য প্রণয়ন ও বিপণনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- স্যাটেলাইট সংশ্লিষ্ট নতুন নতুন সেবা বিক্রয় ও বিপণনের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- বিদেশী বাজারে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবার পরিসর সম্প্রসারণের জন্য ফিলিপাইনে-এ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর পরীক্ষা সম্পন্ন।

- স্যাটেলাইট সংশ্লিষ্ট বেসরকারি ৪০টি প্রতিষ্ঠান, সরকারি ২৫টি প্রতিষ্ঠান ও বিদেশী টি প্রতিষ্ঠানের সাথে সেবা বিপণনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, এ কার্যক্রম সম্পন্ন হলে আরোও ব্যান্ডউইথ বিক্রয় সম্পন্ন হবে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য অডিও-ভিজ্যুয়াল তৈরি ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও, দুবাই এক্সপো তে অংশগ্রহণ ও বিশ্ব টেলিযোগাযোগ দিবসে রোড-শো তে অংশগ্রহণ।
- চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কিত আন্তর্জাতিক সম্মেলন-২০২১-এর Mujib100 Industrial Exhibition-এ অংশগ্রহণ।
- জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।
- জনবলের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিএসসিএল এর কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রকিউরমেন্ট, পিপিআর-২০০৮, ই-জিপি, ই-নথি, শুদ্ধাচার এবং চাকরি সংক্রান্ত বিভিন্ন ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

## ০৪। উন্নয়ন কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা

❖ আন্তর্জাতিক বাজারে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা সেবা বিপণন কার্যক্রম

বিএসসিএল কর্তৃক বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা বর্হিবিশ্বে কে-ইউ ব্যান্ডের সেবা বিপণনের জন্য ইতোমধ্যে বেশ কিছু প্রতিষ্ঠান (ABS Global, Globecast, Network Innovation, IntelSat, SingTel, Space Bridge)-এর সাথে বাণিজ্যিক আলোচনা চলমান এবং Encompass Digital Media, প্লানেটকাস্ট, লাইভ ইন্ডিয়া টুডে, স্টার টিভি (ইন্ডিয়া) এর সাথে সি ব্যান্ডের সেবা বিপণনের লক্ষ্যে সক্রিয় কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী ০১ বছরের মধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হবে।

❖ VSAT ভিত্তিক সেবার পরিসর বৃদ্ধি

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে 'পয়েন্ট-টু-পয়েন্ট' ও 'পয়েন্ট-টু-মাল্টি পয়েন্ট' যোগাযোগ সেবা প্রদানের জন্য ডিজিটাল প্রযুক্তির ভি-স্যাট হাব স্থাপন করা হয়েছে যার ফলে দেশের যেকোন প্রান্তে যোগাযোগ স্থাপন করা সম্ভবপর হচ্ছে। VSAT ভিত্তিক সেবার পরিসর বৃদ্ধির জন্য ইতোমধ্যে বিএসসিএল বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তৎমধ্যে উল্লেখযোগ্য হল: বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নে বিএসসিএল কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন" প্রকল্পের মাধ্যমে দেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় ৩৪টি ইউনিয়নে ভি-স্যাট নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম চলমান। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে ঐ সকল ইউনিয়নের জনগণ ইউনিয়ন পরিষদের সেবা, চিকিৎসা সেবা, শিক্ষা সেবা সহ দেশের সকল ডিজিটাল সেবা গ্রহণ করতে পারবে এবং প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার সাথে ডিজিটাল বৈষম্য দূরীভূত হবে।

❖ Television Rating Point (TRP) বাস্তবায়ন:

- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্তৃক (Television Rating Point) TRP সেবা প্রদানের জন্য নীতিগত সম্মতি প্রদান করে। এর প্রেক্ষিতে, বিএসসিএল TRP সিস্টেম বাস্তবায়নের জন্য Association of Television Channel Owners (ATCO) এর সাথে আলোচনার সাপেক্ষে বিভিন্ন কার্যক্রম শুরু করে। উল্লিখিত কার্যক্রমের অংশ হিসেবে, ATCO হতে মনোনীত

সদস্যগণ এবং বিএসসিএল এর সদস্যগণের সমন্বয়ে TRP সিস্টেমের কারিগরি বিনির্দেশ প্রস্তুতকরণ কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত TRP সিস্টেমের পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় অনুমোদন করেছে।

- TRP সিস্টেমের Audience End Equipment স্থাপনের পরিসংখ্যানগত নমুনা আকার নির্ধারণের সহযোগিতার নিমিত্ত বিগত ০৫ জুন ২০২২ (রবিবার) তারিখে বিএসসিএল এর সাথে "পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটউট/ Institute of Statistical Research and Training (ISRT), ঢাকা বিশ্ববিদ্যালয় এর সম্পাদিত চুক্তির পরিপ্রেক্ষিতে ISRT কর্তৃক প্রদানকৃত "Preparing Statistically Sampled Size Report for Audiences End Equipment to implement the Television Rating Point (TRP) System in Bangladesh" শীর্ষক প্রস্তাবনা অনুমোদনের জন্য ইতোমধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

- এছাড়াও, TRP সিস্টেম বাস্তবায়নে American International University Bangladesh (AIUB) এর আগ্রহ প্রকাশের পরিপ্রেক্ষিতে বিএসসিএল-এর সাথে TRP Research and Development (R&D) সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয় এবং উক্ত চুক্তি অনুযায়ী AIUB, R&D হিসেবে ১০টি prototype device বিএসসিএলকে প্রদান করে।

- পরবর্তীতে, বিএসসিএল কর্তৃক বাংলাদেশ সেনাবাহিনীর ট্রাস্ট ইনোভেশন লিমিটেড (টিআইএল) কে পরীক্ষামূলক তিনটি TRP prototype ডিভাইস রংপুর, রাঙামাটি এবং যশোর এই তিনটি জেলায় জেলা প্রশাসকের বাসভবনে স্থাপনের জন্য সহযোগিতা মূলক নির্দেশনা প্রদান করে। পরবর্তীতে, উক্ত নির্দেশনা মতাবেক টিআইএল গত ০৯ জুলাই ২০২২ তারিখের মধ্যে তিনটি prototype ডিভাইস তিনটি জেলায় সফল ভাবে স্থাপন করেছে। এছাড়াও, আরও কিছু TRP prototype ডিভাইস পরীক্ষামূলক ভাবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের বাসভবনে স্থাপন করা হয়েছে। বর্তমানে প্রাথমিকভাবে ২০০টি Audience End Equipment device/TRP device স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

- ISRT, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত প্রস্তাবনা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হলে, প্রস্তাবনা অনুযায়ী পর্যায়ক্রমে ধাপে ধাপে TRP device গুলো সারা দেশ ব্যাপী স্থাপন করা হবে।

❖ <u>Over-the-top (OTT) সার্ভিস</u>

- বিএসসিএল বর্তমানে দুইটি প্রতিষ্ঠানের সাথে Over-the-top (OTT) সার্ভিস নিয়ে কাজ করছে। এই সার্ভিসটির মাধ্যমে বাংলাদেশের সকল টেলিভিশন চ্যানেল বিদেশে (Middle East, Europe, Africa, America, other parts of Asia, etc.) সরাসরি সম্প্রচার করা হবে। ইতিমধ্যে এই কার্যক্রম নিয়ে বেশকিছু টেস্টিং সম্পন্ন হয়েছে এবং প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।

❖ **ITU তে BDSAT ফাইলিং সম্পর্কিত কার্যক্রম:**

- International Telecommunication Union (ITU) তে বাংলাদেশের স্যাটেলাইট সংক্রান্ত BDSAT ফাইলিং নিয়ে কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতে BDSAT ফাইলিং নিয়ে বিএসসিএল-এর বেশকিছু কর্মপরিকল্পনা রয়েছে।

❖ **MCPC (Multiple Carrier Per Channel) প্ল্যাটফরম স্থাপন**

- বিএসসিএল কর্তৃক বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টিভি চ্যানেল সমূহ আপলিঙ্ক করার জন্য ডিজিটাল প্রযুক্তি MCPC (Multiple Carrier Per Channel) স্থাপন ও কেন্দ্রীয় আপলিঙ্ক সেবা প্রদান করা হচ্ছে। উক্ত ডিজিটাল সেবার মাধ্যমে অনেক কম সময়ে ও সাশ্রয়ী প্রযুক্তিতে টিভি চ্যানেল স্থাপন ও সম্প্রচার করা সম্ভব হচ্ছে। বর্তমানে সেবাটি প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রহণ করা হচ্ছে। তবে ভবিষ্যতে নিজস্ব সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিএসসিএল এর নিজস্ব MCPC প্ল্যাটফরম স্থাপনের পরিকল্পনা রয়েছে, যা বাস্তবায়নের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

## ০৫। বিএসসিএল এর কার্যক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদন

০১ **২০২১-২০২২ অর্থ বছরে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা সম্প্রসারণ:**

- ২০২১-২০২২ অর্থ বছরে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ব্যান্ডউইথের ব্যবহার ৩৯৯ মেগাহার্জ হতে ৪৩৬.২ মেগাহার্জ এ উন্নীত করার মাধ্যমে সেবা সম্প্রসারণ হয়েছে।

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে বিদেশী চ্যানেল-এর সম্প্রচার শুরু, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে ০২টি বেসরকারি টিভি চ্যানেল স্পাইস (এখন টিভি) ও গ্লোবাল -এর বাণিজ্যিক সম্প্রচার শুরু।



ছবিঃ স্পাইস টিভি চ্যানেল-এর বাণিজ্যিক চুক্তি।



ছবিঃ মাদানী টিভি- সম্প্রচারের জন্য চুক্তি স্বাক্ষর

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা সামরিক দপ্তরে সম্প্রসারিত, সশস্ত্র বাহিনী বিভাগের আওতাধীন সকল বাহিনীতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারের জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বাংলাদেশ বেতারের সিলেট-ডিএসএনজিতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারের জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বেসরকারি ব্যাংক ইস্টার্ন ব্যাংক এর সাথে এটিএম-সেবার জন্য চুক্তি স্বাক্ষরিত।
- বাংলাদেশের অন্যতম আইএসপি-কার্নিভাল ইন্টারনেট এর সাথে প্রত্যন্ত অঞ্চলে ইন্টারনেট সেবার জন্য চুক্তি স্বাক্ষরিত।




**ছবিঃ সশস্ত্র বাহিনী বিভাগের সাথে চুক্তি স্বাক্ষর।**




**ছবিঃ বাংলাদেশ বেতারের সাথে চুক্তি স্বাক্ষর।**

০২

- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে 'নক্ষত্রের দেশে বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানের সফল আয়োজন।



| | | |
|---|---|---|
| ০৩ | • চতুর্থ শিল্পবিপ্লব সর্ম্পকিত আন্তর্জাতিক সম্মেলন-২০২১-এর Mujib100 Industrial Exhibition-এ বিএসসিএল এর অংশগ্রহণ। | |
| |   |  |
| ০৪ | • দুবাই এক্সপো তে অংশগ্রহণ | • বিশ্ব টেলিযোগাযোগ দিবসে রোড-শো তে অংশগ্রহণ। |
| |  |  |
| ০৫ | • বন্যা কবলিত সিলেট ও সুনামগঞ্জে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ সেবা স্থাপন কার্যক্রম | |
| |  |  |





ছবি: বন্যা কবলিত সিলেট ও সুনামগঞ্জে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ সেবা স্থাপন কার্যক্রম

০৬ **চলমান প্রকল্পসমূহের উদ্দেশ্য, মেয়াদ এবং ২০২১-২০২২ অর্থ বছরে তার কতটুকু অর্জিত/বাস্তবায়িত হয়েছে তার বিবরণ:**

**প্রকল্পের নাম:** "বাংলাদেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন"
Providing telecommunication connectivity in various infrastructure located in remote, inaccessible and coastal areas of Bangladesh using Bangabandhu Satellite-1.

**বাস্তবায়নকাল:** দুই বছর (ডিপিপি অনুসারেঃ ০১-জুলাই-২০২০ থেকে ৩০-ডিসেম্বর-২০২২)

**অর্থায়নের ধরণ ও উৎস:** জিওবি/বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিল (SOF)

**উদ্দেশ্য:**
ক) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর ব্যান্ডউইথ ব্যবহার করে টেলিযোগাযোগ সেবা প্রদান সহজতর করা;
খ) প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার জনগণের জন্য টেলিযোগাযোগ অবকাঠামো সৃষ্টি;
গ) প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার ডিজিটাল সুবিধার বৈষম্য দূরীকরণ।

**সম্পাদিত কার্যাবলী:**
ক) সজীব ওয়াজেদ উপগ্রহ ভূ-কেন্দ্র, গাজীপুরে ভি-স্যাট হাব এবং সংশ্লিষ্ট নেটওয়ার্কিং যন্ত্রপাতি স্থাপন এবং ১৫০টি ভি-স্যাট রিমোট টার্মিনাল সরবরাহ সংক্রান্ত চুক্তি সম্পাদিত হয়েছে।
খ) দেশের প্রত্যন্ত এবং দূর্গম ৩৪টি ইউনিয়নে ভি-স্যাট রিমোট টার্মিনাল এবং ইন্টারনেট সংযোগসহ ডেস্কটপ কম্পিউটার স্থাপনের জন্য দরপত্র কার্যক্রম চলমান।

মোঃ শফিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বিএসসিএল
মোবাইল: ০১৯৭৭-৫০০০৩৩

মোঃ শফিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)
ফোন: ০২-৪১০৩০০৯২